

# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩ আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail:info@chittagongchamber.com, website.www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-২৯

০৪ এপ্রিল ২০১৭ ইং

সকল সদস্যদের প্রতিঃ

স্বাক্ষরিত/-  
(প্রকৌশলী মোঃ আলমগীর চৌধুরী)  
সেক্রেটারী ইনচার্জ

## ‘ই-কমার্স ও অনলাইন মার্কেটিং’ বিষয়ক প্রশিক্ষণ

ইলেকট্রনিক মিডিয়া ব্যবহার করে পণ্য ও সেবা বিক্রি করার প্রক্রিয়াকে সাধারণত ই-কমার্স বলা হয়। দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য ই-কমার্স সুবিধা ব্যবহার করে সহজেই দেশ ও বিদেশে বিপণন করতে পারেন। পণ্যের কাঁচামাল সংগ্রহ হতে শুরু করে বাজারজাতকরণ পর্যন্ত সকল কার্যাবলী ই-কমার্স সুবিধা ব্যবহার করে নির্ভুলভাবে সম্পন্ন করা সম্ভব।

এসএমই ফাউন্ডেশন পরিকল্পিত ‘ই-কমার্স ও অনলাইন মার্কেটিং’ বিষয়ক প্রশিক্ষণ এসএমই উদ্যোক্তাগণ ই-কমার্স বিষয়ে প্রাথমিক ধারণা পাবেন এবং পরবর্তীতে এ বিষয়ে তাদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সক্ষম হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ কার্যক্রম এসএমই উদ্যোক্তা অথবা উদ্যোক্তা মনোনীত কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। এ প্রেক্ষিতে উক্ত প্রশিক্ষণে আগ্রহী সদস্যবৃন্দের আবেদন পত্র আগামী ৩১ মার্চ ২০১৭ ইং এর মধ্যে এসএমই ফাউন্ডেশন (ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, ৪ পাছপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫, ফোনঃ ০২-৮১৪২৯৮৩, ৮১৪২৪৬৭, ৯১০৪১২৪, ফ্যাক্সঃ ০২-৮১৪৩০৪৪, ই-মেইলঃ [info@smef.org.bd](mailto:info@smef.org.bd); ওয়েবসাইটঃ [www.smef.org.bd](http://www.smef.org.bd)) এ প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন’র আবেদন পত্রের ফরম চিটাগাং চেম্বার লাইব্রেরীতে যোগাযোগ পূর্বক ফটোকপি সংগ্রহ করতে পারবেন।

### প্রশিক্ষণের উদ্দেশ্যঃ

- এসএমই উদ্যোক্তাগণ যথাযথ ই-কমার্স সেবা গ্রহণ করতে পারে।
- বিশ্বব্যাপী পণ্যের বাজারজাতকরণ।
- ক্রেতার সংখ্যাবৃদ্ধি ও সার্বক্ষণিক যোগাযোগ।
- সহজেই বিশ্বব্যাপী নিজস্ব ব্র্যান্ড প্রসার।

### প্রশিক্ষণের বিষয়বস্তুঃ

- ই-কমার্স কি?
- উদ্যোক্তাগণের ই-কমার্স ব্যবহারের সুবিধা
- অনলাইন মার্কেটিং ব্যবহারের কৌশল।
- যথাযথ ওয়েব সাইট তৈরির দিক নির্দেশনা।
- ই-মেইল পণ্য মার্কেটিং নির্দেশনা।
- অনলাইন বিজ্ঞাপন নির্দেশনা।
- পিপিপি বিজ্ঞাপন নির্দেশনা।
- সার্চ ইঞ্জিনে পণ্য মার্কেটিং নির্দেশনা।
- মোবাইলে পণ্য মার্কেটিং নির্দেশনা।
- সোস্যাল মিডিয়া পণ্য মার্কেটিং নির্দেশনা।

### প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ

- এসএমই উদ্যোক্তা।
- কমপক্ষে এস.এস.সি. পাশ।
- হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স।
- কম্পিউটার পরিচালনায় অভ্যস্ত।

### প্রশিক্ষণ ভেন্যু :

- ইন্টারনেট সুবিধাসহ সর্বনিম্ন ২০টি কম্পিউটার।
- প্রশিক্ষণার্থীদের বসার সু-ব্যবস্থা।
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।

প্রশিক্ষণ সময় : ২.৫ দিন (২০ ঘন্টা)

প্রশিক্ষণ মেয়াদ : এপ্রিল-মে ২০১৭।

প্রশিক্ষণ নিবন্ধন ফিঃ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র।